চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম ।

ঃ বিজ্ঞপ্তি ঃ

এ অফিসের ৩০-১২-২০১৪ইং তারিখের জি-৪৭৯(১০)/৯১৫৬(২০)/ সাধারণ সংখ্যক বিজ্ঞপ্তির সূত্রানুসারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদেশক্রমে জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ে এম.ফিল/পি-এইচ.ডি প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্তে ভর্তি ও নাম-তালিকাভুক্তির জন্য নির্ধারিত আবেদনপত্র জমাদানের সময়সীমা আগামী ১৫-০৩-২০১৫ ইং তারিখ পর্যন্ত বর্দ্ধিত করা হয়েছে। উল্লেখ্য, পূর্বের বিজ্ঞপ্তিতে প্রকাশিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

(প্রকৌশলী মো: আলমগীর চৌধুরী)
রেজিস্ট্রার
(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নং জি- ৪৭৯(১০)/ ১০৭০ (২৫০) /সাধারণ

তারিখ ঃ ১৪-০২-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৫। সকল বিভাগীয় সভাপতি / ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালক, চ.বি.।
৬। সকল হলের প্রভোস্ট, চ.বি.।
৭। গ্রন্থাগারিক(ভারপ্রাপ্ত), চ.বি.।
৮। পরিচালক(ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চ.বি.।
৯। কলেজ পরিদর্শক(ভারপ্রাপ্ত), চ.বি.।
১০। হিসাব নিয়ামক, (ভারপ্রাপ্ত), চ.বি.।
১১। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চ.বি.।
১২ ডেপুটি-রেজিস্ট্রার (কম্পিউটার), উপাচার্য দপ্তর, চ.বি.।
১৩। উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, চ.বি.।
১৪। উপ-কিউরেটর / ভারপ্রাপ্ত কর্মকর্তা, চ.বি. জাদুঘর, চ.বি.।
১৫। ডেপুটি-রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চ.বি.। ২ টি স্থানীয় ও ২টি জাতীয় পত্রিকায় (উভয় ক্ষেত্রে ১টি ইংরেজী ও ১টি বাংলা পত্রিকায়) প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য।
১৬। উপ-রেজিস্ট্রার, (রেজিস্ট্রার মহোদয়ের সঙ্গে সংযুক্ত), চ.বি.।
১৭। ম্যানেজার, অগ্রণী ব্যাংক, চ.বি. শাখা / জনতা ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চ.বি.।
১৮। কো-অর্ডিনেটর, আই.সিটি. কেন্দ্র, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। সংযুক্ত বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সংযুক্ত করার অনুরোধ করা হল।
১৯। বিজ্ঞপ্তি ফলক।

২১/

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম ।

ঃ বিজ্ঞপ্তি ঃ

এ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের সকল বিভাগ, ইনষ্টিটিউট ও গবেষণা কেন্দ্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এম.ফিল/ পি.এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য (গবেষণাবৃত্তি সহ ও গবেষণাবৃত্তি ছাড়া) যোগ্যপ্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

এম.ফিল. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ঃ

অত্র বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশের অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে মাষ্টার্স ডিগ্রীধারী প্রার্থীরা নিম্লোক্ত যে কোন একটি শর্ত পূরণ সাপেক্ষে এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন । সমমানের বিদেশী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীধারী প্রার্থীরাও এম.ফিল প্রোগ্রামে ভর্তি যোগ্য বলে বিবেচিত হবেন ।

ভর্তির অন্যান্য যোগ্যতা:

১. প্রার্থীদের ৩/৪ বছর মেয়াদী অনার্স ও ১ বছর মেয়াদী মাস্টার্স উভয় পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর সহ ২য় শ্রেণী অথবা সিজিপিএ/জিপিএ ৪ স্কেলের মধ্যে ৩.২৫ এবং এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫ স্কেলের এর মধ্যে ৩.৫০ থাকতে হবে ।

২. যে সকল প্রার্থীর অনার্স ডিগ্রী নাই তাঁদের ডিগ্রী(পাস) অথবা মাস্টার্স ডিগ্রীর যে কোন একটিতে ১ম শ্রেণী অথবা সিজিপিএ/জিপিএ ৪স্কেলের এর মধ্যে ৩.৭৫ এবং অপরটিতে ৫৫% নম্বরসহ দ্বিতীয় শ্রেণী এবং এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫ স্কেলের মধ্যে ৩.৫০ থাকতে হবে ।

৩. গবেষণা কর্মকর্তা / বৈজ্ঞানিক কর্মকর্তা বা অন্যান্য পদে কর্মরত চাকুরীজীবী প্রার্থীদের সরকারী গবেষণা প্রতিষ্ঠান/সংস্থায় কমপক্ষে ০৩(তিন) বছরের কর্মাভিজ্ঞতা বা গবেষণার অভিজ্ঞতা (স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত অন্তত একটি একক গবেষণা প্রকাশনা থাকলে অগ্রাধিকার যোগ্য) এবং উপরোক্ত ১ ও ২ নং কলামে বর্ণিত যে কোন একটি শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে ভর্তিযোগ্য হিসেবে বিবেচিত হবেন ।

৪. বি.এসসি ইঞ্জিনিয়ারিং ও এম.এস.সি ইঞ্জিনিয়ারিং বা এম.এস.সি (এগ্রিকালচার) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ৫৫% নম্বর সহ দ্বিতীয় শ্রেণী অথবা সিজিপিএ/জিপিএ ৪স্কেলের এর মধ্যে ৩.৫০ ও ৩.২৫ এবং এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫স্কেলের এর মধ্যে ৩.৫০ থাকতে হবে ।

এ ছাড়া সরকারী কলেজ হতে উত্তীর্ণ এম.বি.বি.এস/বি.ডি.এস/ডি.ভি.এম ডিগ্রীধারী প্রার্থীরা উক্ত প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন ।

(২০০১, ২০০২, ও ২০০৩ সালে এস.এস.সি এবং ২০০৩, ২০০৪ ও ২০০৫ সালে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে উক্ত ভর্তির যোগ্যতা শিথিল করে উভয় পরীক্ষায় যারা নূন্যতম মোট জিপিএ ৬.০০ পেয়েছেন এবং কোনটিতে জিপিএ ২.৫০ এর নিচে নয় তারা অন্যান্য শর্ত পূরণ পূর্বক এম.ফিল কোর্সে ভর্তির সুযোগ পাবেন ।)

পি.এইচ.ডি. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ঃ

অত্র বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশের অন্য কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ নিম্লোক্ত যে কোন শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পরবেন ।

ভর্তির অন্যান্য যোগ্যতা:

১. এম.ফিল ডিগ্রী ধারী, অথবা বিদেশী ২য় মাস্টার্স ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে অনার্স ও মাস্টার্স ডিগ্রীতে কমপক্ষে ৫০% নম্বর সহ দ্বিতীয় শ্রেণী অথবা সিজিপিএ/জিপিএ ৪ স্কেলের মধ্যে ৩.২৫ এবং এস.এসসি ও এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫ স্কেলের মধ্যে ৩.৫০ থাকতে হবে ।

২. এক বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ উক্ত প্রোগ্রামে ভর্তি যোগ্য হিসেবে বিবেচিত হবেন ।

৩. বাংলাদেশের অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক যাঁদের ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা আছে এবং যাঁদের অনার্স ও মাস্টার্স ডিগ্রীতে কমপক্ষে ৫০% নম্বর অথবা অনার্স ও মাস্টার্সের যে কোন একটিতে জিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ এবং অপরটিতে ৩.২৫ এবং এস.এস.সি ও এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫ এর মধ্যে ৩.৫০ আছে এবং স্বীকৃত মানের জার্নালে প্রকাশিত্ত কমপক্ষে ২টি গবেষণা প্রকাশনা আছে তাঁরা উক্ত প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন ।

৪. বাংলাদেশের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ শিক্ষকদের মধ্যে যাঁদের অনার্স ও মাস্টার্স কোর্সে ৫ বৎসর সহ কমপক্ষে ০৭ সাত বছরের শিক্ষকতার অভিজ্ঞতা আছে এবং যাঁদের উক্ত শিক্ষকতা জীবনে স্বীকৃত মানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২(দুই)টি গবেষণা প্রকাশনা আছে তাঁরা উপরোক্ত যে কোন একটি শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে পিএইচ.ডি কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন ।

৫. অত্র বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী মেডিকেল কলেজের শিক্ষকদের মধ্যে যাঁদের মাস্টার্স /এম.ফিল ডিগ্রী সহ ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা আছে এবং উক্ত শিক্ষকতা জীবনে সম্পন্ন করা স্বীকৃত মানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২(দুই) টি গবেষণা প্রকাশনা আছে তাঁরা পিএইচ.ডি কোর্সে ভর্তি যোগ্য হিসেবে বিবেচিত হবেন ।

৬. উপরোক্ত যে কোন একটি শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে এম.ফিল /বিদেশী ২য় মাস্টার্স ডিগ্রীধারী সরকারী গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ১০(দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন গবেষণা কর্মকর্তাবৃন্দের যাঁদের স্বীকৃত মানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ০২(দুই)টি গবেষণা প্রকাশনা আছে তাঁরা ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন ।